

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৯১৯
কবিতা চর্চা ও ব্যাঙ্গ-কৌতুক
পরিচ্ছেদঃ ৪১০- যে ব্যক্তি অশুভ লক্ষণ মানে না তার মর্যাদা।

بَابُ فَضْلِ مَنْ لَمْ يَتَطَيَّرْ

আরবী

حَدَّتَنَا حَجَّاجٌ، وَآدَمُ، قَالاَ: حَدَّتَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ عَاصِمٍ، عَنْ زِرٍّ، عَنْ عَبْدِ اللهِ بْنِ مَسْعُودٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: عُرِضَتْ عَلَيَّ الأُمْمُ بِالْمَوْسِمِ أَيَّامَ الْحَجّ، فَأَعْجَبَنِي كَثْرَةُ أُمَّتِي، قَدْ مَلَأُوا السَّهْلَ وَالْجَبَلَ، قَالُوا: يَا مُحَمَّدُ، أَرَضِيتَ؟ قَالَ: نَعَمْ، أَيْ وَلَّعْجَبَنِي كَثْرَةُ أُمَّتِي، قَدْ مَلَأُوا السَّهْلَ وَالْجَبَلَ، قَالُوا: يَا مُحَمَّدُ، أَرَضِيتَ؟ قَالَ: نَعَمْ، أَيْ رَبِّ، قَالَ: فَإِنَّ مَعَ هَوُّلاَءِ سَبْعِينَ أَلْفًا يَدْخُلُونَ الْجَنَّةَ بِغَيْرِ حِسَابٍ، وَهُمُ الَّذِينَ لاَ يَسْتَرْقُونَ وَلاَ يَكْتَوُونَ، وَلاَ يَتَطَيَّرُونَ، وَعَلَى رَبِّهِمْ يَتَوَكَّلُونَ، قَالَ عُكَّاشَةُ: فَادْعُ اللَّهَ أَنْ يَجْعَلَنِي مِنْهُمْ، قَالَ: اللَّهُمَّ اجْعَلْهُ مِنْهُمْ، فَقَالَ رَجُلُ آخَرُ: ادْعُ اللَّهَ يَجْعَلَنِي مِنْهُمْ، قَالَ: سَبَقَكَ بِهَا عُكَّاشَةُ.

বাংলা

৯১৯। আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ একদা হজ্জের মৌসুমে আমার উম্মাতকে আমার সামনে পেশ করা হলো। আমার উম্মাতের সংখ্যাধিক্যে আমি অভিভূত হলাম। সমভূমি ও পাহাড়-পর্বত তাদের দ্বারা পরিপূর্ণ। আমাকে জিজ্ঞেস করা হলো, হে মুহাম্মাদ! আপনি কি সন্তুষ্ট? আমি বললামঃ হাঁ, হে প্রভু। তিনি বলেন, "উপরন্তু এদের সাথে রয়েছে আরো সত্তর হাজার যারা বিনা হিসাবে বেহেশতে প্রবেশ করবে। তারা হচ্ছে সেইসব লোক যারা ঝাঁড়ফুক করায় না, শরীরে দাগ দেয়ায় না এবং অশুভ লক্ষণে বিশ্বাস করে না। তারা তাদের প্রভুর উপরই ভরসা করে"।

তখন উকাশা (রাঃ) বলেন, ইয়া রাসূলাল্লাহ আল্লাহর কাছে দোয়া করুন তিনি যেন আমাকে সেই দলের অন্তর্ভুক্ত করেন। তিনি দোয়া করলেনঃ "হে আল্লাহ! উকাশাকে তাদের অন্তর্ভুক্ত করো"। অপর এক ব্যক্তি বললো, ইয়া রাসূলাল্লাহ! আমার জন্যও দোয়া করুন, যেন আল্লাহ আমাকেও তাদের অন্তর্ভুক্ত করেন। তিনি বলেনঃ এ ব্যাপারে উকাশা তোমার অগ্রগামী হয়ে গেছে। (বুখারী, আহমাদ, মুসলিম)

English



'Abdullah ibn Mas'ud reported that the Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, "The nations were presented to me on the Festival in the days of hajj, and I was astonished at the great number of my community. They filled the plains and mountains." They said, "Muhammad, are you content?" "Yes, O Lord!" he said. He said, "In addition to these people there are seventy thousand who will enter the Garden without any reckoning. They are those who do not use charms nor cauterise themselves nor seek omens and who rely on their Lord." 'Ukkasha exclaimed, "Ask Allah to place me among them!" Then another man said, "Ask Allah to put me among them!" The Prophet said, "'Ukkasha has beaten you to it."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👤 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন